

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪১৬(আগরতলা ১১)  
কৈলাসহর, ১ জানুয়ারি, ২০২৪

মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধি

উনকোটি জেলায় ২০০ জন প্রাণীপালককে সহায়তা

উনকোটি জেলায় মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধি প্রকল্পের সূচনা হয়েছে। সম্প্রতি উনকোটি জিলা পরিষদের কনফারেন্স হলে বিধায়ক ভগবান চন্দ্র দাস এক অনুষ্ঠানে জেলায় এই প্রকল্পের সূচনা করেন। এই প্রকল্পে চিহ্নিত প্রাণীপালকদের ৬ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে। অনুষ্ঠানে জেলার ৮ জন প্রাণীপালকের হাতে ৬ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়। উল্লেখ্য, এই প্রকল্পে জেলার ২০০ জন প্রাণীপালককে সহায়তা দেওয়া হবে।

অনুষ্ঠানে বিধায়ক ভগবান চন্দ্র দাস বলেন, রাজ্যের অর্থনীতির বিকাশে প্রাণীপালকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাই রাজ্য সরকার প্রাণীপালকদের বাড়তি সুবিধা প্রদানে এই প্রকল্পের সূচনা করেছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস ও সহকারি সভাপতি শ্যামল দাস, চান্দিপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সন্দীপ কুম্রি। স্বাগত বক্তব্য রাখেন প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপঅধিকর্তা সঞ্জয় অধিকারী।

\*\*\*\*\*